দৈনিক সংবাদ

JUL 12 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আইইআর শিক্ষার্থীদের প্রতি ঢা.বি কর্তৃপক্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, ৬ই জুলাই থেকে আইইআর-এর শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে কতিপয় দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলন করে যাচ্ছে। তাদের দাবি-দাওয়ার মধ্যে অনেকগুলো যুক্তি-সঙ্গত। বিশেষ করে বিভিন্ন চাকরির ক্ষেত্রে আবেদন করার যোগ্যতা ও তাদের পঠিত বিষয়বস্তু অন্তর্ভুক্তির বিষয়টি। দাবি-দাওয়া সম্পর্কিত তাদের স্মারকলিপি শিক্ষা মন্ত্রণালয় ও পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) বরাবরে পেশ করা হয়েছে। এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পিএসসির চেয়ার-ম্যানের সঙ্গে আলোচনা করলে তিনি ছাত্রছাত্রীদের দাবি-দাওয়া পূরণের বিষয়টি বিবেচনা করে আশু পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। শিক্ষামন্ত্রীও স্মারকলিপি পাওয়ার পর ঢাকা বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষকে টেলিফোনে জানিয়েছেন, আইইআর-এর ছাত্রছাত্রী-দের দাবি-দাওয়ার মধ্যে বেশকিছু দাবি যুক্তিসঙ্গত এবং এসব দাবি বাস্তবায়নের জন্য তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। শিক্ষামন্ত্রী এবং পিএসসির চেয়ারম্যানের বক্তব্য আন্দোলনকারী ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেন এবং তাদের ক্লাস বর্জন কর্মসূচি প্রত্যাহার করে ক্লাসে ফিরে যাওয়ার উপদেশ দেন।

আইইআর ছাত্রছাত্রীদের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুস্পষ্ট বক্তব্য এই, তাদের দাবি-দাওয়ার মধ্যে যেগুলো যুক্তিসঙ্গত সেগুলো পূরণের জন্য বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষ আন্তরিক ও সর্বাত্মক প্রচেষ্টা নেবেন। একই সঙ্গে আইইআর কর্তৃপক্ষ যেন যথাযথ উদ্যোগ গ্রহণ করেন সে পরামর্শও আইইআর-এর পরি-চালককে প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যা-লয় কর্তৃপক্ষের প্রত্যাশা, আন্দোলনরত ছাত্রছাত্রীরা কর্তৃপক্ষের পরামর্শ অনুযায়ী ক্লাস বর্জন কর্মসূচি প্রত্যাহার করে ক্লাসে ফিরে যাবে। ক্লাস বর্জন করে আন্দোলনের নামে অহেতুক হইচই মোটেও বাঞ্ছনীয় নয়। এতে একদিকে যেমন ছাত্রছাত্রীদের ক্ষতি হচ্ছে অন্যদিকে শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি।